

দুটি সম্প্রদায়ের বেশী নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/এমসিআরএএইচ/মিডওয়াইফ-নিয়োগ-০২/২০১৮/ ২২৪

তারিখঃ ২২.০২.১৮খিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের অধীনে এবং ইউএনএফপি এর অর্থায়নে চা বাগান এলাকায় মাতৃমৃত্যু রোধকল্পে প্রাতিষ্ঠানিক স্বাভাবিক প্রসব সেবা জোরদার, প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা, গর্ভপাত পরবর্তী সেবা এবং মানসম্মত পরিবার পরিকল্পনা সেবা প্রদানের লক্ষ্যে মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল ও কমলগঞ্জ উপজেলার ১১ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং মৌলভীবাজার মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ১টিসহ মোট ১২টি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী (মহিলা) নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে

মিডওয়াইফের দায়িত্বঃ

- সেবাকেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করবেন
- রেফারকৃত রোগীকে নিবিড় পরিচর্যা প্রদান করবেন।
- এএনসি ও পিএনসি সেবা প্রদান করবেন।
- সকল গর্ভবতী মাকে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সম্পর্কে কাউন্সেলিং করবেন।
- গর্ভকালীন ও গর্ভভোর জটিলতা সম্পর্কে রোগী এবং পরিবারকে কাউন্সেলিং করবেন।
- রোগী এবং তাঁর পরিবারের সদস্যদের গর্ভকালীন জটিলতা সম্পর্কে সার্বক্ষণিক কাউন্সেলিং এবং জটিলতার ব্যবস্থাপনা এবং প্রসব প্রস্তুতি সম্পর্কে অবহিত করবেন। প্রয়োজনে রোগীকে অন্যত্র স্থানান্তরের বিষয়ে প্রসব প্রস্তুতিকালীন সময়ে কাউন্সেলিং করবেন।
- কমিউনিটি স্বাস্থ্যকর্মীর (স্বাস্থ্য সহকারী ও পরিবার কল্যাণ সহকারী) নিকট হতে প্রাপ্ত তথ্যাবলি মনিটর ও যাচাইপূর্বক গর্ভবতী মায়েদের উপদেশ প্রদান করবেন।
- মেডিক্যাল অফিসারকে গর্ভবতী মায়েদের অবস্থা সম্পর্কে অবহিত করবেন।
- সেবা কেন্দ্রের যন্ত্রপাতি পরিষ্কার-পরিচ্ছন্ন এবং ব্যবহারযোগ্য রাখবেন। সংক্রমন প্রতিরোধে যাবতীয় সব রকমের ব্যবস্থা রাখবেন।
- রেকর্ড কিপিং ও রিপোর্টিং এর সামগ্রী সদা প্রস্তুত রাখবেন।
- প্রসবের পর নবজাতককে বুকের দুধ খাওয়ানোর বিষয়ে উল্লুড়করণ, পরামর্শ এবং প্রয়োজনে হাতে-কলমে মাকে দেখিয়ে দিবেন।
- রেফারকৃত রোগীর সাথে রক্তদাতার অবস্থান নিশ্চিত করবেন।
- প্রসব এবং প্রসব পরবর্তী অসুস্থতাহ্রাসের লক্ষ্যে যথাযথভাবে ব্যবস্থাপনা এবং প্রয়োজনে রেফারের ব্যবস্থা করবেন।
- রেফারেল ফর্ম যথাযথভাবে পূরণ করবেন এবং রেফারেল কেন্দ্রের সাথে যোগাযোগ করে রোগীর সঠিক অবস্থা অবহিত করবেন।
- চা বাগান এলাকায় কিশোর কিশোরী, সক্ষম দম্পতিদের নিয়ে সচেতনতামূলক সভার আয়োজন করবেন।
- রেজিস্টার এবং রেকর্ডসমূহ হালনাগাদ রাখবেন।
- এছাড়াও কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

যোগ্যতাঃ

সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন মিডওয়াইফারী কোর্স (৩ বছর) উত্তীর্ণ এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল (বিএনএমসি) কর্তৃক সার্টিফিকেটধারী। এছাড়াও কম্পিউটার পরিচালনা, ই-মেইল আদান প্রদান, ইন্টারনেট ব্রাউজিং-এর দক্ষতা থাকতে হবে। মৌলভীবাজার জেলার স্থানীয় এবং মা ও শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রমে অভিজ্ঞ প্রার্থীকে অধাধিকার দেওয়া হবে। পরিবার পরিকল্পনা বিষয়ে হাতে-কলমে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

বয়সঃ ০৮/০৩/১৮ তারিখের মধ্যে সর্বোচ্চ ৩০ বৎসর। মুক্তিযোদ্ধা সন্তানদের এবং তাদের পোষ্যদের ক্ষেত্রে ৩২ বৎসর।

কর্মস্থলঃ মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল ও কমলগঞ্জের চা বাগান সংলগ্ন ১১ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র


এবং মৌলভীবাজার মা ও শিশু কল্যাণ কেন্দ্র। কেন্দ্রে সার্বক্ষণিক অবস্থান করতে হবে।

সময়কালঃ ৩১/১২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত, তবে ফান্ড পাওয়ার সাপেক্ষে মেয়াদকাল বর্ধিত হতে পারে।

মাসিক বেতনঃ ১৬০০০/-, মেডিক্যাল এ্যালাউন্স- ১৫০০/-, বাড়ীভাড়া- ৭২০০/- (মূল বেতনের ৪০%) সর্বসাকুল্যে ২৪,৭০০/-

অন্যান্য সুবিধাদিঃ উৎসব ভাতা ও নববর্ষ ভাতা।

অগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্র, হালনাগাদ বায়োডাটা, এবং প্রয়োজনীয় সার্টিফিকেটের স্ক্যান কপি আগামী ০৮/০৩/২০১৮ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে বর্ণিত ই-মেইল- jobs.midwifemch@gmail.com- এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। হাতে হাতে কিংবা ডাকযোগে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।



(ডাঃ মোহাম্মদ শরীফ)

পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও

লাইন ডাইরেক্টর (এমসিআরএইচ)

ফোনঃ ০২-৪৮১১১৬৩৮ (অফিস)

ই-মেইলঃ dirmchsfp@gmail.com